**AKASHVANI(AIR)**

**RNU:KOLKATA**

**BengaliText Bulletin**

**Date 19-01-2026 Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) উন্নয়নের উপযুক্ত পরিবেশ গড়ে তুলতে পারলেই পশ্চিমবঙ্গে নতুন শিল্প আসবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন।

তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ফের অনুপ্রবেশের মদতের অভিযোগ তুলেছেন তিনি।

৮৩০ কোটি টাকারও বেশি মূল্যের প্রকল্পের ঘোষণা।

২) রাজ্যে এসআইআর-এর শুনানি ঘিরে কোনো কেন্দ্রে যাতে অশান্তি না হয়, সেদিকে বিশেষ নজর দিতে রাজ্য সরকারকে অনুরোধ করেছে নির্বাচন কমিশন।

৩) নিপা ভাইরাসে আক্রান্ত বারাসাতের দুই স্বাস্থ্যকর্মীর সংস্পর্শে আসা ১৭৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্ট নেগেটিভ বলে স্বাস্থ্য দপ্তর জানিয়েছে।

৪) রাজ্যে শীতের আমেজ থাকলেও আগামী দু তিন দিনে তাপমাত্রার পারদ কিছুটা বৃদ্ধির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

---

উন্নয়নের উপযুক্ত পরিবেশ গড়ে তুলতে পারলেই পশ্চিমবঙ্গে নতুন শিল্প আসবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন্তব্য করেছেন। গতকাল হুগলীর সিঙ্গুরে একগুচ্ছ প্রকল্পের উদ্বোধনের পর এক জনসভায় ভাষণে তিনি বলেন, এখানে প্রাকৃতিক সম্পদ

সহ শিল্প স্থাপনের উপযুক্ত পরিকাঠামো রয়েছে। কিন্তু মমতা ব্যানার্জীর নেতৃত্ব তৃনমূল কংগ্রেসের তোলাবাজির কারণে মানুষকে অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। বিজেপি সরকারই এই অচলাবস্থাকে ভাঙ্গতে পারে বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

বাইট

তৃণমূল কংগ্রেস লাগাতার অনুপ্রবেশে মদত দিচ্ছে বলেও গতকাল অভিযোগ করেছেন প্রধানমন্ত্রী মোদী। তিনি বলেন তৃণমূল কংগ্রেস সরকার দেশের নিরাপত্তা নিয়ে খেলা করছে। তৃণমূল কংগ্রেস এর শাসনকে ফের মহা-জঙ্গলরাজ বলে অভিহিত করেছেন শ্রী মোদী।

বাইট

প্রধানমন্ত্রী গতকাল সিঙ্গুর থেকে তিনটি অমৃত ভারত এক্সপ্রেস, জয়রামবাটি ময়নাপুর রেলপথ, কলকাতা-বলাগড় সম্প্রসারিত পোর্ট গেট সিস্টেম, অন্তর্দেশীয় জল পরিবহণ টার্মিনাল, একটি রোড ওভারব্রিজ এবং ইলেকট্রিক ক্যাটামেরনের শুভ সূচনা সহ ৮৩০ কোটি টাকারও বেশি মূল্যের নানা প্রকল্পের উদ্বোধন করেছেন। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বলেন পশ্চিমবঙ্গের উন্নয়ন গোটা দেশের উন্নতির পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

BYTE- PM Development

প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, বলাগড় পোর্ট গেট প্রকল্পের ফলে হুগলী জেলার ব্যাপক উন্নয়ন হবে। হাজার হাজার কোটি টাকার বিনিয়োগ আসবে এবং যুবকদের কর্ম সংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। প্রধানমন্ত্রী বলেন, এই জেলার কৃষকদের পাশাপাশি মৎস্যজীবীরাও নানান প্রকল্পের ফলে উপকৃত হবেন। গতকালের অনুষ্ঠানে রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস, বন্দর, জাহাজ চলাচল ও জলপথ পরিবহণ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল,

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্তও মজুমদার, শান্তনু ঠাকুর, রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, সাংসদ শমিক ভট্টাচার্য ও সৌমিত্র খাঁ সহ বহু বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উদ্বোধনের পরেই মা সারদার জন্মভূমি জয়রামবাটিতে বহু প্রতীক্ষিত ট্রেন পরিষেবা শুরু হওয়ায় খুশি সাধারণ মানুষ। মা সারদা কলকাতা যাতায়াত করতেন বিষ্ণুপুর স্টেশন থেকে ট্রেন ধোরে। এজন্য তাঁকে জয়রামবাটি থেকে বিষ্ণুপুর স্টেশন পর্যন্ত প্রায় ৪০ কিলোমিটার রাস্তা যাতায়াত করতে হত গরুর গাড়িতে। সেই জয়রামবাটিকে রেলপথে যুক্ত করার দাবি ছিল দীর্ঘদিনের।

বাইট

২০০০- ২০০১ অর্থবর্ষে জয়রামবাটি হয়ে বিষ্ণুপুর তারকেশ্বর রেলপথ নির্মাণের প্রকল্পের সূচনা হলেও ভাবাদিঘির জমিজটের কারণে দীর্ঘদিন ধরে থমকে যায় রেলপথ নির্মাণের কাজ। রেলের তরফে জানানো হয়েছে, আপাতত একটি ট্রেন প্রতিদিন বাঁকুড়া থেকে জয়রামবাটি পর্যন্ত যাতায়াত করবে। এই রেললাইন তারকেশ্বরের সঙ্গে যুক্ত হলে সরাসরি হাওড়া পর্যন্ত ট্রেন চলাচল শুরু হবে। এর ফলে শুধু এলাকার আর্থ সামাজিক পরিস্থিতির বদল হবে তাই নয়, শিক্ষা, স্বাস্থ্য ও পর্যটনেরও বিকাশ ঘটবে। ট্রেন পরিষেবা শুরু হতেই আশপাশের বহু এলাকার মানুষ এমনকি স্থানীয় বিভিন্ন মন্দির ও মিশনের সাধু সন্ন্যাসীরাও উপস্থিত হয়েছিলেন মাতৃ জয়রামবাটি স্টেশনে।

------------------------

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধ প্রক্রিয়া – এস আই আর-এর শুনানি ঘিরে কোনও কেন্দ্রে যাতে পুনরায় অশান্তির ঘটনা না ঘটে, সে দিকে বিশেষ

নজর দিতে রাজ্য সরকারকে আবার অনুরোধ করেছে নির্বাচন কমিশন। পাশাপাশি, সব জেলাশাসকদেরও সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

-------------------------

বর্ধমান সদর উত্তর মহকুমা শাসকের অফিসে গতকাল সাত নম্বর ফর্ম জমা দেওয়াকে কেন্দ্র করে গন্ডগোলের খবর পাওয়া গেছে। পুলিশ ওপর হামলা চালানোর অভিযোগে চারজনকে গ্রেপ্তার করেছে বর্ধমান থানার পুলিশ।

এই ঘটনায় এক মহিলা পুলিশ কর্মী সহ দুজন আহত। তাদের বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

-------------------------

আইপ্যাক তল্লাশিতে ইডি আধিকারিকদের মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার প্রতিবাদে নবান্নের গেটের সামনে ধর্ণা দেওয়ার বিজেপির আবেদনের আজ কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চে শুনানি হতে পারে। বিচারপতি শুভ্রা ঘোষের সিঙ্গল বেঞ্চ নবান্নের পরিবর্তে মন্দিরতলা বাস স্ট্যান্ডের সামনে ধর্ণা দিতে অনুমতি দিলেও বিজেপি সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে দ্বারস্থ হয়।

-------------------------

উত্তর ২৪ পরগনার বারাসাতে নিপা ভাইরাসে আক্রান্ত দুই স্বাস্থ্য কর্মীর সংস্পর্শে আসা ১৭৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্ট নেগেটিভ এসেছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে।

অন্যদিকে, তাদের সংস্পর্শে আসা এক পুরুষ স্বাস্থ্যকর্মী নিপায় আক্রান্ত হলেও বর্তমানে তার শারীরিক অবস্থার উন্নতি হয়েছে বলে খবর।

-------------------------

দলীয় কার্যালয়ে তুলে নিয়ে গিয়ে আরএসএস-এর এক স্বয়ংসেবককে, তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের মারধরের ঘটনায় বীরভূমের নানুরে চাঞ্চল্য ছড়িয়েছে। সমাজমাধ্যমে ভাইরাল হওয়া এক ভিডিওতে দেখা যায়, জনা পঁচিশেক লোকের সামনে রিন্টু পাল নামে ঐ যুবকটিকে ক্ষমা চাইতে। অভিযোগ উঠেছে, নানুরের পঞ্চায়েত সমিতির কৃষি কর্মাধ্যক্ষের বিরুদ্ধে। বিজেপি-আরএসএস করার জন্য ঐ যুবককে ক্ষমা চাইতেও বাধ্য করা হয় বলে অভিযোগ।

-------------------------

মুর্শিদাবাদের জঙ্গীপুর মহকুমার রঘুনাথগঞ্জ থানা এলাকায় গ্রেপ্তার দুই বাংলাদেশী অনুপ্রবেশকারীর ১৪ দিনের জেল হেফাজত হয়েছে। গতকাল বাবু শেখ ও সুমন শেখ নামে ঐ দুই অনুপ্রবেশকারীকে জঙ্গীপুর আদালতে তোলা হয়। এরা জুজনেই বাংলাদেশের চাপাই নবাবগঞ্জের বাসিন্দা।

-------------------------

কালি মন্দিরে পুজো দেওয়াকে কেন্দ্র করে কলকাতার আমহাসস্ট্রীটে গতকাল ব্যাপক উত্তেজনা ছড়ায়। পুলিশের সঙ্গে খন্ডযুদ্ধ বাধে পুজো দিতে আসা পুণ্যার্থীদের। পুলিশকে লক্ষ্য করে ইট পাথর ছোঁড়ারও অভিযোগ উঠেছে। জানা গেছে, গতকাল অমাবস্যার বিশেষ তিথি উপলক্ষে শ্যামসুন্দরী মন্দিরে পুজোর আয়োজন করা হয়েছিল। দূরদূরান্ত থেকে বহু মানুষের সমাগম হলেও সন্ধ্যা ৬ টা বাজতেই মন্দিরের দরজা বন্ধ করে দেওয়া হয় বলে অভিযোগ। পুজো দিতে না পেরে মন্দিরের বাইরেই বিক্ষোভ দেখাতে শুরু করেন পুণ্যার্থীরা। বিরাট পুলিশ বাহিনী সেখানে পৌঁছে ব্যারিকেড করতে

গেলে প্রথমে বচসা, পরে পুলিশকে লক্ষ্য করে ইট বৃষ্টি করা হয় বলে অভিযোগ উঠেছে। উত্তেজিত জনতাকে সরাতে পুলিশের বিরুদ্ধে লাঠিচার্জেরও অভিযোগ রয়েছে।

------------------------

রাজ্যে শীতের আমেজ থাকলেও আগামী দু তিন দিনে তাপমাত্রার পারদ কিছুটা বাড়ার সম্ভাবনা রয়েছে। কলকাতায় এই সময় সর্বনিম্ন তাপমাত্রা ১৩ থেকে ১৬ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা বাড়লেও কলকাতার থেকে তা বেশ কিছুটা কম থাকবে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে এক দশমিক এক ডিগ্রি কম। উত্তরবঙ্গের জেলাগুলিতে অবশ্য তাপমাত্রার বিশেষ হেরফের হওয়ার সম্ভাবনা নেই। সকালের দিকে বিক্ষিপ্তভাবে কুয়াশা থাকতে পারে।

------------------------ ------------------------